

532/Beng (N.S)

UG/5th Sem/BNGG-DSE-T-1/24

২০২৪

বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGG-DSE-T-1

(কাব্যতত্ত্ব, সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

[নতুন পাঠ্যক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রদর্শন নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ক) নিওক্লাসিক সাহিত্য বলতে কী বোঝায়?
- খ) ক্লাসিসিজমের তিনটি বাংলা প্রতিশব্দ লেখো।
- গ) কোন শব্দ থেকে রোমান্টিসিজম শব্দের উদ্ভব ঘটেছে? কোন গ্রন্থে সর্বপ্রথম রোমান্টিসিজম শব্দটির উল্লেখ আছে?
- ঘ) পাশ্চাত্য সাহিত্যে 'ন্যাচারালিজম' শব্দটি প্রথম উল্লেখ করেন কে? এর বাংলা প্রতিশব্দ কী?
- ঙ) মধ্যযুগের বাংলা সাহিত্যে রিয়ালিজমের ব্যবহার পাওয়া যায় এমন দুটি গ্রন্থের নাম লেখো।
- চ) ঔচিত্যবাদের প্রতিষ্ঠাতা কে? এই বিষয়ক তাঁর লেখা গ্রন্থটির নাম লেখো।
- ছ) রস কয়প্রকার ও কী কী?
- জ) ধ্বনিবাদের প্রবর্তক কে? ধ্বনিবাদীদের মতে কাব্যের আত্মা কী?
- ঝ) 'সাহিত্যের সত্য কেন চিরকালীন সত্য' — সংক্ষেপে লেখো।
- ঞ) জয়দেব কোন শতকের কবি? তিনি কোন রাজার সভাকবি ছিলেন?

[পরপৃষ্ঠায়]

ট) রবীন্দ্র জীবনদর্শন যা গীতাঞ্জলি পর্বের কবিতায় প্রকাশিত সে সম্পর্কে সাধারণ মানুষের অভিব্যক্তি কেমন?

ঠ) 'সে ঝড়ের মেঘের বিদ্যুৎ' — সে কে? তার প্রকৃতি কেমন?

ড) 'তার রং গৈরিক' — কার কথা বলা হয়েছে? কেনই বা একথা বলা হয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ক্লাসিসিজম ও রোমান্টিসিজম-এর দুটি করে বৈশিষ্ট্য লেখো।

খ) ক্লাসিক সাহিত্যের পঞ্চম লক্ষণ ঐতিহ্যের অনুবর্তন সংক্ষেপে আলোচনা করো।

গ) কাব্যসত্য সম্পর্কে রবীন্দ্রিক ভাবনার পরিচয় দাও।

ঘ) "জয়দেবের কবিতা স্বর্ণহার বিদ্যাপতির কবিতা রুদ্রাক্ষ মালা" — সংক্ষেপে আলোচনা করো।

ঙ) 'রঞ্জন বিধাতার সেই হাসি' — বাক্যটির উৎস কী? বাক্যটির মাধ্যমে কী বোঝানো হয়েছে?

চ) "বুদ্ধদেব বসুর এ মত আমি গ্রহণ করতে পারি না" — কার লেখা কোন রচনার অংশ? কোন মত কেন তিনি গ্রহণ করতে পারেন নি — সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) "কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয় — সহৃদয় কাব্য পাঠকের মনে" — আলোচনা করো।

খ) রোমান্টিকতা বলতে কী বোঝো? বাংলা সাহিত্যে রোমান্টিক ভাবধারার প্রচলন কোন সময় থেকে লক্ষ্য করা যায় — আলোচনা করো।

গ) "রঞ্জন যেন খানিকটা সন্দীপের মতো" — উৎস নির্দেশ পূর্বক প্রসঙ্গটি বিশ্লেষণ করো।

ঘ) "জগতের মধ্যে যা কিছু শুভ, সুন্দর ও প্রাণস্ফূর্ত, রবীন্দ্রকাব্যে তার প্রকাশ প্রথম থেকে শেষ পর্যন্ত অক্লান্ত ও অনবচ্ছিন্ন" — বাক্যটি কোথা থেকে নেওয়া হয়েছে? লেখক এই সত্যকে যেমনভাবে প্রতিষ্ঠিত করেছেন তা সংক্ষেপে প্রকাশ করো।